

## চিত্রে বর্ডার গার্ড বাংলাদেশ



০৯ জুন ২০১৫ তারিখে ৮৬তম ব্যাচ রিক্রুটদের সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে সর্ববিষয়ে সেরা সৈনিক মোঃ ওবায়দুর রহমানকে পুরস্কার প্রদান করছেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।

১৪ এপ্রিল ২০১৫ তারিখে ঢাকা সেক্টর প্রশিক্ষণ মাঠে আয়োজিত বাংলা নববর্ষ-১৪২২ উদযাপন উপলক্ষে বৈশাখী মেলার শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি, সাথে রয়েছেন সীমান্ত পরিবার কল্যাণ সমিতি (সীপকস্) এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



০৫ এপ্রিল ২০১৫ তারিখে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) এর আওতায় বর্ডার গার্ড হাসপাতালের ব্যবস্থাপনা এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সহযোগিতায় পিলখানাস্থ শিশু ও মাতৃমঙ্গল কেন্দ্রে বিজিবি পরিবারের শিশুদের নিউমোনিয়া ও পোলিও টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেন সীপকস্ এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

১৫ এপ্রিল ২০১৫ তারিখে ৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, চাঁপাইনবাবগঞ্জ এলাকায় পরিদর্শনের সময় স্থানীয় সাংবাদিকদের সাথে আইন শৃঙ্খলা পরিস্থিতি, সীমান্ত দুর্ঘটনা, মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ মানব পাচার এবং সীমান্তে চোরাচালান বন্ধের ব্যাপারে মতবিনিময় করেন মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ।



২৫ জুন ২০১৫ তারিখে পিলখানার অভ্যন্তরে বিজিবি সদস্যদের যাতায়াতের সুবিধার্থে ব্যাটারি চালিত দু'টি অটোবাইক ঢাকা সেক্টরকে হস্তান্তর করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি। এ সময় বিজিবি সদর দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

গত ১৪ জুন ২০১৫ তারিখে সদর দপ্তর বিজিবি, পিলখানায় রবি আজিয়াটা লিমিটেডকে বিজিবির ২য় কর্পোরেট অপারেটর হিসেবে ঘোষণা করে চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি। বিজিবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন কর্নেল জাবেদ সুলতান, উপ মহাপরিচালক (যোগাযোগ) এবং রবির আজিয়াটার পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রবি আজিয়াটা লিমিটেড এর সিইও।





মহাপরিচালকের সচিবালয়ে অনারারি সহকারী পরিচালক হতে অনারারি উপ পরিচালক পদে পদোন্নতি প্রাপ্ত একজন মুক্তিযোদ্ধাকে র্যাংক ব্যাজ পরিয়ে দিচ্ছেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি ও অতিরিক্ত মহাপরিচালক।

নীলফামারী এলাকায় ১০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার পাওয়ার প্রজেক্ট স্থাপনে সহায়তার লক্ষ্যে ATN Solution Limited এর মধ্যস্থতায় CNBM International Corporation এর সাথে গত ২০ এপ্রিল ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তর পিলখানায় চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি। বিজিবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মুহাম্মদ খায়রুল বাশার, পিবিজিএম, এএফডব্লিউসি, পিএসসি, অতিরিক্ত মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এবং CNBM কোম্পানীর পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন MS Amy Cui, Director.



সেক্টর সদর দপ্তর, ঢাকা এর ৪৫তম প্রতিষ্ঠা বার্ষিকীতে বিজিবি মহাপরিচালক সেক্টর কমান্ডার, ঢাকাকে ফুলের তোড়া প্রদানের মাধ্যমে শুভেচ্ছা জানাচ্ছেন।

২৮ এপ্রিল ২০১৫ তারিখে ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর নির্বাচন অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে ২৭ এপ্রিল ২০১৫ তারিখে নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ জাবেদ আলী বিজিবি সদর দপ্তরে স্থাপিত নির্বাচন সংক্রান্ত বিজিবি'র কন্ট্রোল রুম পরিদর্শনকালে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি তাঁকে ব্রিফিং প্রদান করেন।



০৭ জুন ১৫ তারিখে বীরশ্রেষ্ঠ মুসী আব্দুর রউফ পাবলিক কলেজ এবং বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ এর গভর্নিং বডির সভায় শিক্ষকদের নবনির্মিত ভবন ১০ তলা পর্যন্ত বর্ধিত করা, উভয় প্রতিষ্ঠানের নতুন বাস ক্রয়, শিক্ষক নিয়োগসহ অন্যান্য বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়। সমাপনী বক্তব্যে সভাপতি মহোদয় বলেন, “আমাদের উন্নয়নের অনেক সুযোগ রয়েছে এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ দু’টি শিক্ষা প্রতিষ্ঠান আরো সামনের দিকে এগিয়ে যাবে”।

গত জুন ২০১৫ মাসে এনডিসি-২০১৫ কোর্সের শিক্ষার্থীগণ Internal Study Tour এ পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিদর্শনের অংশ হিসেবে রাঙ্গামাটিতে বীরশ্রেষ্ঠ মুসী আব্দুর রউফ এর সমাধি স্থল পরিদর্শন করেন। বীরশ্রেষ্ঠ মুসী আব্দুর রউফ ০৮ এপ্রিল ১৯৭১ সালে শত্রুর গুলির আঘাতে এ স্থানেই শহিদ হয়েছিলেন।





বর্ডার গার্ড বাংলাদেশ এর ৮৬তম রিক্রুট ব্যাচের ২২ সপ্তাহের কঠোর প্রশিক্ষণ শেষে গত ০৯ জুন ২০১৫ তারিখে শপথ গ্রহণ ও সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। সমাপনী কুচকাওয়াজ শেষে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি কেব কেটে সমাপনী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত প্রীতিভোজের শুভ উদ্বোধন করছেন।

৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের উদ্যোগে ঠাকুরগাঁও এর ধর্মগড় সীমান্তে চোরাচালান বন্ধ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে 'আলোকিত সীমান্ত' প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পে মৎস চাষ, পশু পালন, বৃক্ষরোপণ, হাঁস পালনসহ উৎপাদনমুখী ও আয়বর্ধক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গত ২০ এপ্রিল ২০১৫ তারিখে আলোকিত সীমান্ত প্রকল্পের উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে রিজিয়ন কমান্ডার রংপুর ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



২৬ মে ২০১৫ তারিখে ন্যাশনাল ডিফেন্স কলেজের এএফডব্লিউসি-২০১৫ এর কোর্স মেম্বারগণ বর্ডার গার্ড বাংলাদেশ-এর ৩৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামালপুরের অধীনস্থ স্বাধীনতার স্মৃতি বিজড়িত কামালপুর বিওপি পরিদর্শন করেন।

## দেশি-বিদেশি অভ্যাগতবৃন্দ



২৫ জুন ২০১৫ তারিখে মহাপরিচালকের সচিবালয়ে বিজিবি মহাপরিচালক এর সাথে সৌজন্য সাক্ষাত করেন ঢাকায় নবনিযুক্ত মায়ানমারের ডিফেন্স অ্যাটাশে।

২৭ এপ্রিল ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি এর সাথে সৌজন্য সাক্ষাত করেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ জাবেদ আলী।



০২ জুন ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে এএফডব্লিউসি দলের দলাধিনায়ক ব্রিগেডিয়ার জেনারেল মেজবা উল চৌধুরী, এসইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি বিজিবি মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাত করেন।



০৩ জুন ২০১৫ তারিখে সীমান্ত ভবনে বিজিবি মহাপরিচালক ভারতীয় দূতাবাসের First Secretary Ninad S Deshpande কে শুভেচ্ছা জানাচ্ছেন।



## সীমান্ত সম্মেলন



০৮-১১ জুন ২০১৫ তারিখে কলকাতা ভারত এ অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ রিজিয়ন কমান্ডার পর্যায়ে সীমান্ত সম্মেলন শেষে রিজিয়ন কমান্ডার, যশোর রিজিয়ন এবং আইজি সাউথ বেঙ্গল ফ্রন্ট্রিয়ার, বিএসএফ এর মধ্যে জেআরডি স্বাক্ষরিত হয়।



১৪ জুন ২০১৫ তারিখে বিজিবি রিজিয়ন কমান্ডার, চট্টগ্রাম রিজিয়ন ও উপ মহাপরিচালক (নম্বর-১) বর্ডার গার্ড পুলিশ মায়ানমার পর্যায়ে পতাকা বৈঠক কক্সবাজার হোটেল ওশান প্যারাডাইস এ অনুষ্ঠিত হয়।

০৮ জুন ২০১৫ তারিখে মানব পাচারের শিকার অবৈধ অভিবাসন প্রত্যাশী বাংলাদেশি নাগরিকদের হস্তান্তর/গ্রহণের জন্য ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। পতাকা বৈঠকে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন অধিনায়ক, ১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং মায়ানমার পক্ষে Deputy Director, IND, Maugh Taw



০৮-১১ জুন ২০১৫ তারিখে ভারতের শিলং এ অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ রিজিয়ন কমান্ডার পর্যায়ে সীমান্ত সম্মেলনে বিএসএফ পরিবারবর্গ কর্তৃক পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান।



০৭ জুলাই ২০১৫ তারিখে ভোমরা আইসিপিতে, বিজিবি দক্ষিণ-পশ্চিম রিজিয়ন এবং বিএসএফ সাউথ বেঙ্গল ফ্রন্ট্রিয়ার নোডাল অফিসার পর্যায়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।



০৭ মে ২০১৫ তারিখে ৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ৪৪ ও ১০৮ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।



০৮ জুন ২০১৫ হতে ১১ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ভারতের শিলং এ অনুষ্ঠিত বর্ডার গার্ড বাংলাদেশ, রিজিয়ন কমান্ডার, সরাইল রিজিয়ন এবং বর্ডার সিকিউরিটি ফোর্স, মেঘালয় ফ্রন্টিয়ার নেতৃত্বে সীমান্ত সম্মেলনে অংশ গ্রহণকারী প্রতিনিধি দল।

২৫ এপ্রিল ২০১৫ তারিখে রিজিয়ন কমান্ডার বিজিবি, চট্টগ্রাম রিজিয়ন এবং আইজি বিএসএফ, ত্রিপুরা ফ্রন্টিয়ার এর মধ্যে ১৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রামগড় এর ব্যবস্থাপনায় সৌজন্য সাক্ষাত অনুষ্ঠিত হয়।



বাংলাবান্ধা আইসিপি, বাংলাদেশ ও ফুলবাড়ী আইসিপি ভারত এ Joint Retreat Ceremony আয়োজনের জন্য ৩০ জুন ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার ঠাকুরগাঁও এবং কমান্ড্যান্ট শিলিগুড়ি সেক্টরের মধ্যে সৌজন্য সাক্ষাত অনুষ্ঠিত হয়।



০৯ জুন ২০১৫ তারিখে ৩৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ৪ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।



## সীমান্তে চোরাচালান দমনে বিজিবির সাফল্য



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের বড়হরিণা বিওপির নদীর ঘাট সংলগ্ন চেকপোস্টে কর্তব্যরত টহল দল কর্তৃক নৌকা তল্লাশী করে অবৈধ ১২৩ ফুট গামারী কাঠ আটক।



২৯ জুন ২০১৫ তারিখে ২১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক অভিযান চালিয়ে ০৩ জন চাঁদাবাজকে মোটরসাইকেলসহ আটক।



২৭ এপ্রিল ২০১৫ তারিখে ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক গাঁজা ও গাঁজা তৈরীর সরঞ্জামাদিসহ ০৭ জন মাদক ব্যবসায়ী ও মাদক সেবনকারী আটক।



০৮ এপ্রিল ২০১৫ তারিখে ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের কয়া বিওপির একটি টহল দল কর্তৃক দাড়াপাড়া এলাকা থেকে দশ লক্ষ চুয়াত্তর হাজার আটশত টাকা মূল্যের ৭০,৩২০টি ট্যাবলেট (টোর্গেট) ও ১০,০০০টি ট্যাবলেট (প্যাকটিন) আটক।



১০ ও ১১ এপ্রিল ২০১৫ তারিখে ৫০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের গর্জনবুনিয়া ও মংজয়পাড়া বিওপির নিয়মিত টহল দল কর্তৃক তিন লক্ষ একান্ন হাজার টাকা মূল্যের ২২৬ বোতল বিদেশি মদ এবং ৪৮ ক্যান বিয়ার আটক।



২২ এপ্রিল ২০১৫ তারিখে ৫৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন সদরের একটি টহল দল কর্তৃক সোনাই নদীর ব্রীজ এলাকায় অভিযান পরিচালনা করে চুয়াল্লিশ লক্ষ বাষট্টি হাজার টাকা মূল্যের ১৩২ কেজি ভারতীয় গাঁজাসহ ১টি ট্রাক আটক।



০৮ জুন ২০১৫ তারিখে ১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন সদরের একটি টহল দল কর্তৃক পত্নীতলা মাতাজীর হাটে বিশেষ অভিযান পরিচালনা করে সাত লক্ষ নব্বই হাজার টাকা মূল্যের ১৫.৮ কেজি ওজনের একটি কষ্টিপাথরের মূর্তি উদ্ধার।



১৭ মে ২০১৫ তারিখে ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক মালিকবিহীন অবস্থায় ৪৪৪ বোতল ভারতীয় হুইস্কি এবং ৫১ বোতল বিয়ার আটক।



১৪ জুন ২০১৫ তারিখে ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের আটাপাড়া বিওপির একটি টহল দল কর্তৃক পাঁচবিবি থানাধীন বাগজানা নদীর পাড় থেকে ডেজি ট্যাবলেট ৫০,০০০টি, প্যাকটিন ট্যাবলেট ৫০,০০০টি, শাড়ি ৩৫টি, থ্রি পিস ২০টি, শার্ট পিস ১০টি এবং ১০ কেজি কিসমিস আটক।



১৬ জুন ২০১৫ তারিখে ৪১ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ডোনা বিওপির একটি টহল দল কর্তৃক ঘর দেয়াল নামক স্থান হতে দুই লক্ষ পিস ভারতীয় নাসির বিড়ি আটক।



০৭ এপ্রিল ২০১৫ তারিখ ২৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়কের নেতৃত্বে একটি টহল দল বেনাপোল আইসিপি'র পাসপোর্টধারী যাত্রী গমনাগমন গেইট হতে নব্বই লক্ষ ত্রিশ হাজার টাকা মূল্যের ২১০ ভরি স্বর্ণ আটক।



০৯ মে ২০১৫ তারিখে ১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ মরিচ্যা যৌথ চেক পোস্ট কর্তৃক ৪৪,০০০ পিস ইয়াবাসহ আসামি আটক।



২৪ জুন ২০১৫ তারিখে ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গার অধীনস্থ রাজাপুর বিওপির টহল দল কর্তৃক আশি হাজার একশত ষাট টাকা মূল্যের ০৪ টি ভারতীয় পিস্তল এবং ০৪ রাউন্ড গুলি আটক।



১৬ জুন ২০১৫ তারিখে ১৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের কায়রা বিওপির একটি টহল দল কর্তৃক সাতাই পাকা রাস্তার উপর হতে ০১ জন আসামী ও ২৪৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ ০১টি পিকআপ আটক।



২৯ জুন ২০১৫ তারিখে ২৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের একটি টহল দল কর্তৃক সাতবাড়িয়া হতে দুই কোটি আটত্রিশ লক্ষ ছাপ্পান্ন হাজার টাকা মূল্যের ৭৯,৫২০ পিস ভারতীয় সেনেথ্রা ট্যাবলেট ও দুই কোটি উনচল্লিশ লক্ষ দুই হাজার টাকা মূল্যের ৫৯,৮০০০ পিস সিপরোহিপিটাডিন ট্যাবলেট আটক।



২৮ জুন ২০১৫ তারিখে ৩৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ দিয়ার মানিকচর বিওপির একটি বিশেষ টহলদল কর্তৃক পশ্চিম দিয়ার মানিকচর এলাকা হতে চব্বিশ লক্ষ টাকা মূল্যের ১ কেজি ২০০ গ্রাম ভারতীয় হেরোইন আটক।



২৪ মে ২০১৫ তারিখে ১২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক আটককৃত মাদকদ্রব্যসমূহ টাঙ্কফোর্স কর্মকর্তার উপস্থিতিতে ধ্বংস।

## পুনর্গঠন ও উন্নয়নমূলক কর্মকাণ্ড



১৩ এপ্রিল ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তর হতে ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে চট্টগ্রাম রিজিয়ন ও ৫২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এর নবনির্মিত অফিসার্স ও সৈনিক পারিবারিক বাসস্থান এর শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।

## অফিসার্স জিমনেসিয়াম উদ্বোধন



১৬ জুন ২০১৫ তারিখে নবনির্মিত অফিসার্স জিমনেসিয়াম নামফলক উন্মোচন করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

## গণসচেতনতা বৃদ্ধি ও মানব কল্যাণে বিজিবি



২২ মে ২০১৫ তারিখে রিজিয়ন সদরে স্থানীয় সাংবাদিকদের সাথে মত বিনিময় করেন রিজিয়ন কমান্ডার, দক্ষিণ-পশ্চিম রিজিয়ন যশোর।



০৮ জুন ২০১৫ তারিখে পানছড়ি ইউনিয়নের বিভিন্ন স্কুল ও মাদ্রাসায় খেলার সামগ্রী এবং মসজিদ ও কিয়াং ঘর সংস্কারের জন্য টেউটিন ও নির্মাণ সামগ্রী বিতরণ করছেন অধিনায়ক, ৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন।

২৩ এপ্রিল ২০১৫ তারিখে ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ বাসুদেবপুর কোম্পানি সদরে সীমান্তে গরু ব্যবসায়ীদের সাথে বাংলাদেশ-ভারত সীমান্তের শূন্য রেখা অতিক্রমে নিষেধাজ্ঞা সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



২৮ জুন ২০১৫ তারিখে ২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সার্বিক ব্যবস্থাপনায় দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়। উক্ত মাহফিলে অতিরিক্ত মহাপরিচালক, রিজিয়ন কমান্ডার, রংপুর ও জেলার অন্যান্য সরকারি কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



২৬ জুন ২০১৫ তারিখে দিনাজপুর জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর সার্বিক ব্যবস্থাপনায় আন্তর্জাতিক মাদক দিবস-২০১৫ উপলক্ষে মাদকদ্রব্য অপব্যবহার ও পাচার বিরোধী র্যালীতে ২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সৈনিকগণ অংশ গ্রহণ করেন।

## প্রশিক্ষণ/অপারেশন কার্যক্রম



কুষ্টিয়া সেক্টরের ব্যবস্থাপনায় ৮৬তম ব্যাচ রিক্রুট প্রশিক্ষণে সর্ববিষয়ে সেরা সৈনিক মোঃ মামুন চৌধুরীকে ক্রেস্ট প্রদান করছেন প্রধান অতিথি ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মুহাম্মদ খায়রুল বাশার, পিবিজিএম, এএফডব্লিউসি, পিএসসি, অতিরিক্ত মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ।



৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় ৮৬তম ব্যাচ রিক্রুট সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তৌফিকুল হাসান সিদ্দিকী, বিজিবিএমএস, অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা) সালাম গ্রহণ করেন।

৪৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে পরিচালিত বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) সিপাহী জিডি কোর্স ০২/২০১৫ এ প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।



শ্রীমঙ্গল সেক্টরের তত্ত্বাবধানে পরিচালিত সিপাহী জিডি কোর্স ০২/২০১৫ এ প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।



২৮ জুন ২০১৫ হতে ০৯ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক পরিচালিত ৮২ মি. মি. মর্টার ক্যাডারে প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।



২৩ এপ্রিল ২০১৫ তারিখে দক্ষিণ-পশ্চিম রিজিয়ন প্রশিক্ষণ এলাকা দ্বিগরাজ, মংলায় অনুষ্ঠিত BAKER BUFFALO 15-2 এ অংশগ্রহণকারী শিক্ষার্থী এবং প্রশিক্ষকদের মাঝে রিজিয়ন কমান্ডার, যশোর।



০৭ মে ২০১৫ হতে ০৩ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ৫১ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকায় বিশেষ অপারেশন এ অংশগ্রহণরত সেনাবাহিনী এবং বিজিবি সদস্যবৃন্দ।



০৪ মে ২০১৫ হতে ১৪ মে ২০১৫ তারিখ পর্যন্ত ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক পরিচালিত ৭৫ মি. মি. আর আর ক্যাডারে অংশগ্রহণরত বিজিবি সদস্যবৃন্দ।



৪৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে পরিচালিত বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) সিপাহী জিডি কোর্স-০২/২০১৫ এ প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।



দিনাজপুর সেক্টরের অধীনস্থ ব্যাটালিয়নসমূহের শিক্ষার্থীদের নদী পথে টহলের উপর প্রশিক্ষণ দেয়া হয়।



রাজশাহী সেক্টরের অধীনস্থ ৪৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক পরিচালিত বিসিএম গ্রোড-২ (ল্যান্স নায়ক) কোর্স পরিদর্শন করছেন সেক্টর কমান্ডার, রাজশাহী।

## বিশেষ চিকিৎসা সেবা প্রদান



সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন থাকাকালীন অবস্থা



চিকিৎসা পরবর্তী বর্তমান অবস্থা

৩২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খাগড়াছড়িতে কর্মরত ৬৮৯৮৬ ল্যান্স নায়েক মোঃ শহিদুল ইসলাম, গত ২৬ মে ২০১৫ তারিখে শারীরিক দুর্বলতা, রক্ত শূন্যতা ও পায়ু পথে Bleeding এর কারণে MDS, KCI তে ভর্তির পর উন্নত চিকিৎসার জন্য ২৮ মে ২০১৫ তারিখে তাকে MDS, KCI হতে CMH, CTG তে স্থানান্তর করা হয়। পরবর্তীতে CMH, CTG হতে হেলিকপ্টার যোগে CMH, Dhaka তে স্থানান্তর করা হয়। বিশেষজ্ঞ চিকিৎসকগণ কর্তৃক বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে খাদ্যনালীর টিউমার এর অপারেশনকালীন উক্ত রোগীকে বিজিবি সদ্যসগণ সর্বমোট ২৯ (উনত্রিশ) ব্যাগ রক্তদানের মাধ্যমে মানব সেবার এক মহান দৃষ্টান্ত স্থাপন করে।

৩৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে, কর্মরত ৪৬৪৩৩ হাবিলদার মোঃ হারুন অর রশিদ, গত ৩০ জুন ২০১৫ তারিখ রাত ২৩০০ ঘটিকায় Acute Myocardial Infaction রোগের কারণে সাতক্ষীরায় গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাকে জরুরি ভিত্তিতে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় স্থানান্তর করা হয়। ০১ জুলাই ২০১৫ তারিখ ০৯৩০ ঘটিকায় তিনি মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়লে তৎক্ষণাৎ বেশ কয়েকবার Cardio Pulmonary Resuscitation (CPR) দিয়ে কৃত্রিম শ্বাস-প্রশ্বাস যন্ত্রের (Ventilator) মাধ্যমে তাকে পরিচর্যা করা হয়। রোগীর অবস্থার আরও অবনতি হলে Portable Ventilator এ রেখে দ্রুততম সময়ের মধ্যে নিকটস্থ ল্যাবএইড কার্ডিয়াক হাসপাতালে স্থানান্তর করে জরুরি ভিত্তিতে রোগীর শরীরে Temporary pacemaker স্থাপন করার মাধ্যমে সফলভাবে PTCA (Angiogram & Stenting) সম্পন্ন করা হয়।





## সীমান্তে বিজিবি-বিএসএফ যৌথ টহল



১০ মে ২০১৫ তারিখে ৪৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকায় যৌথ পিলার পরিদর্শন করেন রিজিয়ন কমান্ডার, যশোর।

৩৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ হালিমপুর ক্যাম্প এবং প্রতিপক্ষ ৯৯ বিএসএফ ব্যাটালিয়নের মৌজাম বিএসএফ ক্যাম্পের সাথে যৌথ সীমান্ত পিলার চেকিং সম্পন্ন হয়।



৩৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ বিএসএফের সাথে যৌথ টহলে।



২৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ বিএসএফদের সাথে যৌথ পিলার চেকিং।



## ক্রীড়াঙ্গনে বর্ডার গার্ড বাংলাদেশ



মহান স্বাধীনতা কাপ হ্যান্ডবল প্রতিযোগিতা (পুরুষ) চ্যাম্পিয়ন - ২০১৫

মহান স্বাধীনতা কাপ হ্যান্ডবল প্রতিযোগিতা (পুরুষ)-২০১৫ এর চ্যাম্পিয়ন বিজিবি দলের সাথে মহাপরিচালক বিজিবি।



মহান স্বাধীনতা দিবস কুস্তি প্রতিযোগিতা (পুরুষ) চ্যাম্পিয়ন - ২০১৫

মহান স্বাধীনতা দিবস কুস্তি প্রতিযোগিতা (পুরুষ)-২০১৫ এর চ্যাম্পিয়ন বিজিবি দলের সাথে মহাপরিচালক বিজিবি।

১৬ জুন ২০১৫ তারিখে মিজান ফার্টিফাইয়েড পাম অলিন আন্তঃজেলা ও জাতীয় কাবাডি প্রতিযোগিতা-২০১৫ এ বর্ডার গার্ড বাংলাদেশকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করছেন কাবাডি ফেডারেশনের সভাপতি, পুলিশ মহাপরিদর্শক।



১৮ মে ২০১৫ হতে ২০ মে ২০১৫ তারিখ পর্যন্ত সরাইল রিজিয়নের ব্যবস্থাপনায় আন্তঃরিজিয়ন জুডো প্রতিযোগিতা-২০১৫-এ চ্যাম্পিয়ন সরাইল রিজিয়নকে ট্রফি প্রদান করছেন রিজিয়ন কমান্ডার, সরাইল।



১৪ জুন ২০১৫ তারিখে ঢাকা সেন্টার আন্তঃব্যাটালিয়ন ফুটবল প্রতিযোগিতায় বিজয়ীদল ৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করছেন সেন্টার কমান্ডার ঢাকা।





১৪ জুন ২০১৫ হতে ১৬ জুন ২০১৫ তারিখ পর্যন্ত যশোর রিজিয়ন আন্তঃব্যাটালিয়ন ফায়ারিং প্রতিযোগিতা-২০১৫-এ ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



০৫ মে ২০১৫ তারিখে ভারতের কৈলাশহর জেলা স্টেডিয়াম মাঠে বিজিবি শ্রীমঙ্গল সেক্টর এবং বিএসএফ পানিসাগর সেক্টরের মধ্যে অনুষ্ঠিত প্রীতি ফুটবল ম্যাচ শেষে পুরস্কার প্রদান করছেন সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল।



১৬ জুন ২০১৫ তারিখে মিজান ফর্টিফাইয়েড পাম অলিন আন্তঃজেলা ও জাতীয় কাবাডি প্রতিযোগিতা-২০১৫ এ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) খেলোয়াড়দের উত্তেজনাকর মুহূর্ত।




১৫ জুন ২০১৫ হতে ১৭ জুন ২০১৫ তারিখ পর্যন্ত কক্সবাজার সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ান্ডো-২০১৫-এর চ্যাম্পিয়ন ৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খেলোয়াড়দের মাঝে অধিনায়ক, ৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন।



২৫ মে ২০১৫ হতে ২৭ মে ২০১৫ তারিখ পর্যন্ত ৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ান্ডো প্রতিযোগিতায় ৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।



১৫ জুন ২০১৫ হতে ১৭ জুন ২০১৫ তারিখ পর্যন্ত রাঙ্গামাটি সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ান্ডো প্রতিযোগিতা-২০১৫ এর চ্যাম্পিয়ন ২২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খেলোয়াড়দের মাঝে সেক্টর কমান্ডার, রাঙ্গামাটি।



২০ এপ্রিল ২০১৫ তারিখে ভারতের ট্রেড সেন্টার নামক স্থানে বিজিবি শ্রীমঙ্গল সেক্টর এবং বিএসএফ শীলচর সেক্টরের মধ্যে অনুষ্ঠিত প্রীতি ভলিবল ম্যাচ শেষে বিজিবি খেলোয়াড়দেরকে পুরস্কার প্রদান করছেন ডিআইজি, বিএসএফ শীলচর সেক্টর।



১৬ জুন ২০১৫ তারিখে আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ানডো প্রতিযোগিতা-২০১৫ এর চ্যাম্পিয়ন ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খেলোয়াড়দের মাঝে সেক্টর কমান্ডার, ঠাকুরগাঁও।



২৬ মে ২০১৫ হতে ২৮ মে ২০১৫ তারিখ পর্যন্ত সিলেট সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ানডো প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খেলোয়াড়দের মাঝে সেক্টর কমান্ডার, সিলেট।



২০ এপ্রিল ২০১৫ তারিখে সীমান্ত পিলার ২০১/২২-এস এর নিকট ৪৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ১১৪ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে প্রীতি ভলিবল খেলা অনুষ্ঠিত হয়।



২৩ মে ২০১৫ হতে ২৫ মে ২০১৫ তারিখ পর্যন্ত ১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় রাজশাহী সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ানডো প্রতিযোগিতায় ১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



০৪ জুন ২০১৫ তারিখে ময়মনসিংহ সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়ানডো প্রতিযোগিতায় ৩৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



১৮ মে ২০১৫ হতে ২০ মে ২০১৫ তারিখ পর্যন্ত সরাইল রিজিয়নের ব্যবস্থাপনায় আন্তঃরিজিয়ন জুডো প্রতিযোগিতা-২০১৫-এ সরাইল রিজিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

১৪ জুন ২০১৫ হতে ১৬ জুন ২০১৫ তারিখ পর্যন্ত আন্তঃসেক্টর তায়কোয়াডো প্রতিযোগিতা-২০১৫-এ চ্যাম্পিয়ন ঠাকুরগাঁও সেক্টরকে ট্রফি প্রদান করছেন রিজিয়ন কমান্ডার, রংপুর।



১৮ মে ২০১৫ হতে ২১ মে ২০১৫ তারিখ পর্যন্ত ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় আন্তঃব্যাটালিয়ন তায়কোয়াডো প্রতিযোগিতা-২০১৫-এ চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে ভারপ্রাপ্ত সেক্টর কমান্ডার, দিনাজপুর।

১৫ জুন ২০১৫ হতে ১৭ জুন ২০১৫ তারিখ পর্যন্ত রাঙামাটি সেক্টর আন্তঃব্যাটালিয়ন তায়কোয়াডো প্রতিযোগিতা-২০১৫-এ ২২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।





## সীপক্স অফিসার্স লেডিস ক্লাব এবং চিলড্রেন ক্লাবের কার্যক্রম



১৪ এপ্রিল ২০১৫ তারিখে শহিদ ক্যাপ্টেন আশরাফ হলে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত বাংলা নববর্ষ-১৪২২ উদযাপন অনুষ্ঠানে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি কে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

১৪ এপ্রিল ২০১৫ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত পহেলা বৈশাখ-১৪২২ উদযাপন অনুষ্ঠান সাদা কবুতর উড়িয়ে শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক।



১৪ এপ্রিল ২০১৫ তারিখে শহিদ ক্যাপ্টেন আশরাফ হলে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের আয়োজনে বাংলা নববর্ষ-১৪২২ উদযাপন অনুষ্ঠানে গান পরিবেশন করছেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

১৪ এপ্রিল ২০১৫ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক পহেলা বৈশাখ-১৪২২ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিজিবি মহাপরিচালক সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজকে শুভেচ্ছা মিষ্টি প্রদান করছেন।





১৪ এপ্রিল ২০১৫ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পহেলা বৈশাখ-১৪২২ উদযাপন উপলক্ষে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক কর্তৃক বিভিন্ন প্রকার বৈশাখী খাবার পরিদর্শন।

১১ এপ্রিল ২০১৫ তারিখে সীমান্ত ভবনে বাংলা নববর্ষ উপলক্ষে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি কে বিভিন্ন বাঙালি খাদ্য সামগ্রী প্রদান করেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



১৪ এপ্রিল ২০১৫ তারিখে শহিদ ক্যাপ্টেন আশরাফ হলে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত বাংলা নববর্ষ-১৪২২ উদযাপন অনুষ্ঠানে দলীয় গান পরিবেশন করছেন পিলখানায় কর্মরত অফিসার্স এবং লেডিস ক্লাবের সদস্যবৃন্দ

১৪ এপ্রিল ২০১৫ তারিখে শহিদ ক্যাপ্টেন আশরাফ হলে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত বাংলা নববর্ষ-১৪২২ উদযাপন অনুষ্ঠানে চিলড্রেন ক্লাবের সদস্যদের দ্বারা পবিবেশিত একটি দলীয় নৃত্য।





১৪ এপ্রিল ২০১৫ তারিখে ঢাকা সেক্টর প্রশিক্ষণ মাঠে আয়োজিত বাংলা নববর্ষ-১৪২২ উদ্‌যাপন উপলক্ষে বৈশাখী মেলায় আইসিটি ব্যাটালিয়ন কর্তৃক স্থাপিত 'সীমান্ত দ্বীপ কুঞ্জ' এর শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি এবং সীপকসের প্রধান পৃষ্ঠপোষক, বেগম দিলশাদ নাহার আজিজ।

১৬ জুন ২০১৫ তারিখে অফিসার্স চিলড্রেন ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান চিলড্রেন ক্লাবের পরিচালনা পর্ষদ।



নববর্ষের সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী কলাকুশলীদের সাথে বিজিবি মহাপরিচালক ও সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক।

সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সদস্যরা বাংলা শুভ নববর্ষের গান পরিবেশন করছেন।







১৯ মে ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকস্ এর প্রধান কার্যালয়ে সীমান্ত বক্র বাটিক ও টেইলারিং শপের ফিতা কেটে শুভ উদ্বোধন করেন সীপকস্ এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



১৪ এপ্রিল ২০১৫ তারিখে পহেলা বৈশাখ-১৪২২ উদযাপন উপলক্ষে আয়োজিত বৈশাখী মেলায় সীপকস্ এর স্টল পরিদর্শনকালে বিজিবি মহাপরিচালক ও প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজকে শুভেচ্ছা জানাচ্ছেন সীপকস সদস্যগণ।

২৮ মে ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকস্ এর প্রধান কার্যালয়ে বৃক্ষরোপণ করেন সীপকস্ এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



০১ জুন ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকসে অনুষ্ঠিত সাধারণ সম্পাদিকা সম্মেলনে (১ম পর্বে) দিক নির্দেশনামূলক বক্তব্য শেষে ফটোসেশনে অংশ নেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



৩০ জুন ২০১৫ তারিখে বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে বিজিবি সদস্যগণের পরিবারবর্গের সাথে ইফতার পার্টিতে অংশগ্রহণ করেন সীপকস্ এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের অফিস শুভ উদ্বোধন করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



০৬ জুন ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকসে অনুষ্ঠিত সাধারণ সম্পাদিকা সম্মেলনে (২য় পর্বে) দিক নির্দেশনামূলক বক্তব্য রাখছেন সীপকসের প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

২৬ মে ২০১৫ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সৌজন্যে সদর দপ্তর পূর্ত শাখা ও বিএসবি'র ব্যবস্থাপনায় যমুনা ফিউচার পার্কে অবস্থিত সিনেপ্লেক্স এ সিনেমা প্রদর্শনীতে প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।




০২ এপ্রিল ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকসে অনুষ্ঠিত দর্জি ও সুন্দর সূচি ১ম সেমিস্টার পরীক্ষা পরিদর্শন করছেন সীপকস্ এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



২১ মে ২০১৫ তারিখ কেন্দ্রীয় সীপকস্ সম্মেলন কক্ষে সহ-সভানেত্রী সম্মেলনে বক্তব্য রাখছেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



১২ জুলাই ২০১৫ তারিখে উপ-শাখা সীপকস্ বিজিটিসিএন্ডএস এর তত্ত্বাবধানে পরিচালিত ২য় ব্যাচ দর্জি ও সুন্দরসূচী বিভাগের উদ্বোধন শেষে ছাত্রীদের সাথে সাধারণ সম্পাদিকা, উপ-শাখা সীপকস্, বিজিটিসিএন্ডএস।



১৭ জুন ২০১৫ তারিখে উপ-শাখা সীপকস্, কুড়িগ্রাম কর্তৃক পরিচালিত ২০১৫ সালের ১ম ব্যাচের দর্জি ও সুন্দরসূচী বিভাগের চূড়ান্ত পরীক্ষা পরিদর্শন করেন সাধারণ সম্পাদিকা, উপ-শাখা সীপকস্, কুড়িগ্রাম।



উপ-শাখা সীপকস্, ময়মনসিংহ কর্তৃক পরিচালিত ২০১৫ সালের ১ম ব্যাচের দর্জি বিভাগের চূড়ান্ত পরীক্ষা পরিদর্শন করেন সহ-সভানেত্রী, উপ-শাখা সীপকস্ ময়মনসিংহ।



১৬ এপ্রিল ২০১৫ তারিখে সহ-সভানেত্রী, কুষ্টিয়া, উপ-শাখা সীপকস্, চুয়াডাঙ্গা পরিদর্শন শেষে উপ-শাখা সীপকস্, চুয়াডাঙ্গা এর অন্যান্য সদস্যদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন।



উপ-শাখা সীপকস্, কুমিল্লা কর্তৃক পরিচালিত ১ম ব্যাচ দর্জি বিভাগের চূড়ান্ত পরীক্ষা পরিদর্শন করেন সহ-সভানেত্রী ও কোষাধ্যক্ষ উপ-শাখা সীপকস্, কুমিল্লা।



১৮ জুন ২০১৫ তারিখে উপ-শাখা সীপকস্, নীলডুমুর কর্তৃক পরিচালিত চিলড্রেন ক্লাব এর চিত্রাংকন প্রশিক্ষণের চূড়ান্ত পরীক্ষা।

## মহাপরিচালকের পরিদর্শন

০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি নিম্নলিখিত রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন এবং বিওপি পরিদর্শন করেন :

➤ ১৫ এপ্রিল ২০১৫ তারিখ ৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ সিরাজগঞ্জ বিজিবি ক্যাম্প।
➤ ১৫ এপ্রিল ২০১৫ তারিখ ৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, চাঁপাইনবাবগঞ্জ।
➤ ১৫ এপ্রিল ২০১৫ তারিখ ৩৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী।
➤ ১৬ এপ্রিল ২০১৫ তারিখ ৪৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, নওগাঁ।
➤ ১৬ এপ্রিল ২০১৫ তারিখ ৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ পলাশবাড়ী ক্যাম্প।
➤ ১৭ এপ্রিল ২০১৫ তারিখ ৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুড়িগ্রাম।
➤ ১৭ এপ্রিল সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও।
➤ ১৭ এপ্রিল ২০১৫ তারিখ ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ রতনাই বিওপি ও আলোকিত সীমান্ত প্রজেক্ট এলাকা।
➤ ১৭ এপ্রিল ২০১৫ তারিখ ঠাকুরগাঁও বিজিবি হাসপাতাল।
➤ ১৮ এপ্রিল ২০১৫ তারিখ ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ বগুড়া বিজিবি ক্যাম্প।
➤ ০৮-০৯ জুন ২০১৫ তারিখ বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম।

## নিয়োগ/বদলি অফিসার

বিএ-৩৪০৪ কর্নেল হু হেন মং, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, দিনাজপুর থেকে ০৪ এপ্রিল ২০১৫ তারিখে সেক্টর সদর দপ্তর, কুষ্টিয়ায় যোগদান করেন।



বিএ-৩৪৬৩ কর্নেল মোঃ খালেকুজ্জামান, পিএসসি, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, কক্সবাজার থেকে ১৮ জুন ২০১৫ তারিখে সেক্টর সদর দপ্তর, দিনাজপুরে যোগদান করেন।



বিএ-৩৮৭৪ কর্নেল এম এম আনিসুর রহমান, পিএসসি, সদর সদর বিজিবি, ঢাকা থেকে ১০ জুন ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, কক্সবাজারে যোগদান করেন।



বিএ-৪১৮৮ কর্নেল জাবেদ সুলতান, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, কুষ্টিয়া থেকে ০৪ এপ্রিল ২০১৫ তারিখে উপ-মহাপরিচালক (যোগাযোগ) হিসেবে সদর দপ্তর বিজিবিতে যোগদান করেন।



## সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ এর তৎপরতা

সীমান্তের অতন্ত্র প্রহরী বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যরা ০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে বিভিন্ন সীমান্তে উল্লেখযোগ্য পরিমাণ মালামালসহ ৫১৯ জন চোরাকারবারিকে আটক করে। এ ব্যাপারে মোট ৮,৯৬৬ টি মামলা দায়ের করা হয়েছে। বিভিন্ন রিজিয়নে আটককৃত মালামালের মূল্য নিম্নে প্রদত্ত হলো :

রিজিয়নের নাম	মামলার পরিমাণ	আটক চোরাকারবারির সংখ্যা	আটককৃত মালামালের মূল্য
দক্ষিণ-পশ্চিম রিজিয়ন, যশোর	২৯৩৮	৮৬	৮০,৮১,৮৩,৭৫০/-
উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর	২৬৫৪	১৮৬	২৯,৪৩,৮৮,১৭৬/-
উত্তর-পূর্ব রিজিয়ন, সরাইল	২৭০৩	১৩৬	৩৮,৭১,৭৩,২৫০/-
দক্ষিণ-পূর্ব রিজিয়ন, চট্টগ্রাম	৬৭১	১১১	৩৯,৯১,৩৩,৫৮২/-
সর্বমোট =	৮,৯৬৬	৫১৯	১৮৮,৮৮,৭৮,৭৫০/-

## কোর্স ক্যাডার কৃতিত্ব



১০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৭১৫৫৭ না. সহ. মোঃ রাশেদুল ইসলাম এনসিও এ্যাডভান্স কোর্স (না. সহ.) - ০১/২০১৫ অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।



গুইমারা সেক্টরে কর্মরত নম্বর- ৭৮৪৪০ সিপাহী মোঃ আসাদুল ইসলাম বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) কোর্স সিপাহী জিডি- ১/২০১৫ এ অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।



গুইমারা সেক্টরে কর্মরত নম্বর- ৭২৫৫১ সিপাহী মোঃ শামীম আজার বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) কোর্স সিপাহী জিডি-১/২০১৫ এ অংশগ্রহণ করে ২য় স্থান অর্জন করে।



গুইমারা সেক্টরে কর্মরত নম্বর- ৭৯৩১২ সিপাহী নুপুর চন্দ্র সুব্রত বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) কোর্স সিপাহী জিডি-১/২০১৫ এ অংশগ্রহণ করে ৩য় স্থান অর্জন করে।



২ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৮৩৫৪৮ সিপাহী সহ. শাহ মোঃ রায়হান কবীর 'সীমান্ত সুরক্ষায় অতন্ত্র বিজিবি' শীর্ষক বিষয়ের উপর আয়োজিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।



৪০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৭৮৩৫০ সিপাহী মোঃ মনিরুল ইসলাম বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) কোর্স সিপাহী জিডি- ১/২০১৫ এ অংশগ্রহণ করে ২য় স্থান অর্জন করে।



৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৭৯৫১৯ সিপাহী মায়ারুল ইসলাম সেনাবাহিনীতে আমস এন্ডপ্রোসিড সার্চ ডগ ট্রেনিং কোর্স - ১০ অংশগ্রহণ করে ২য় স্থান অর্জন করে।



১ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৯৭৭৯১ সিপাহী মোঃ ওবায়দুর রহমান ৮৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'সর্ব বিষয়ে' সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে।



২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৯৯৩৯৩ সিপাহী মোঃ নূর নবী ৮৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'কুচকাওয়াজে' সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে।



৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৯৮৭৫৭ সিপাহী আজিজুল হক ৮৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'ফায়ারিং' এ সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে।



১ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৯৮৪৭৮ সিপাহী মোঃ রফিকুল ইসলাম ৮৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'শারীরিক উৎকর্ষে' সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে।



৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৯৮৭৯৪ সিপাহী মোঃ হাসিবুল ইসলাম ৮৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'সঙ্গীত যুদ্ধে' সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে।

## মেধাবী ছাত্র-ছাত্রী



সদর দপ্তর বিজিবি রেকর্ড উইং এ কর্মরত জেসিও-৭৫২৪ না. সুবে. সহ. মোঃ নূরুল ইসলাম এর ছেলে মোহাম্মদ আবু রায়হান সিকদার ২০১৪ সালে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৩৬২৬ নায়ক মোঃ জমসেদ আলী এর ছেলে সাজিদ শাহরিয়ার ২০১৪ সালে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৩৬২৬ নায়ক মোঃ জমসেদ আলী এর মেয়ে জারিন তাসনিম (সেজুতি) ২০১৪ সালে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৫৯৬৭ সুবেঃ মোঃ নজরুল ইসলাম এর মেয়ে মোছাঃ নুসরাত জাহান (নুপুর) ২০১৪ সালে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৯৪৫৪ ল্যান্স নায়ক মোঃ ইউনুছ আলী এর ছেলে মোঃ সবিজুর রহমান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৫২১২ হাবিঃ মোঃ রেজাউল করিম এর মেয়ে মোছাঃ ফারজানা খাতুন (রিয়া) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৫২৪৬ ল্যা. না. মোঃ রোকুজ্জামান এর ছেলে মোঃ ইজাজ বিন হোসাইন ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



২৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৮৩৫০ নায়ক মোঃ শাহ আলম হাওলাদার এর ছেলে মোঃ হাসিবুল হাসান ২০১৫ সালে দাখিল পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৯৪৯৬ নায়ক শ্রী গোপাল চন্দ্র মন্ডল এর ছেলে শ্রী আশিষ কুমার (জয়) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



২৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৬৯৩৯ না. সহ. মোঃ সাকাম আলী এর ছেলে ইউনুছ আহমেদ ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত এমএল-৪৩ অফিস সহায়ক মোঃ নাজিম উদ্দিন দেওয়ান এর ছেলে মোঃ মোরছালীন দেওয়ান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



ময়মনসিংহ সেক্টরে কর্মরত ৪৫৯৪৩ হাবিঃ মোঃ মাহাবুব আলম এর ছেলে মোঃ মোবতাহিম ফুয়াদ বিনুক ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



রাঙ্গামাটি সেক্টরে কর্মরত আইড্রিউটি-৩৫২ ওবিএম ড্রাইভার মোঃ শরীফ উদ্দিন এর ছেলে মোঃ মেহেদী হাসান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৬৮৭৭ ল্যাঃ নাঃ মোঃ আমিনুল ইসলাম এর মেয়ে মিস আমেনা ইসলাম ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৬৭৮৮ ল্যা. না. সহ. মোঃ মজিবুর রহমান এর মেয়ে মরিয়ম আক্তার মুন্নি ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



রংপুর সেক্টরে কর্মরত নম্বর-কা-১০৩ কার্পেন্টার মোঃ ইব্রাহিম খলিল এর মেয়ে মোসাঃ হাফছা খাতুন (ইভা) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৯২১৫ হাবিঃ মোঃ মনিরুজ্জামান এর মেয়ে মোছাঃ নওরিন জামান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



সদর দপ্তর চিকিৎসা শাখায় কর্মরত সিএ-৩৮০ উচ্চমান সহকারী মোঃ সাইফুল ইসলাম এর ছেলে মোঃ মাহফুজুর রহমান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



২৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত মেজর মোঃ আমজাদ হোসেন এর মেয়ে আনিকা তাহসিন বিনতে আমজাদ (শিফা) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৬৪৭০ সুবে. মোঃ মনসুর আহমেদ এর ছেলে নাজমুস সাকিব মিনহাজ ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৭৩৯৩ নায়েব সুবেদার মোঃ হাবিবুর রহমান এর ছেলে মোঃ মুকসেদুর রহমান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



রংপুর সেক্টরে কর্মরত নম্বর-কা-১০৩ কার্পেন্টার মোঃ ইব্রাহিম খলিল এর মেয়ে মোসাঃ হাফছা বেগম (ইভা) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৭৪৫৮ না. সুবে. সহ. মোঃ আব্দুল লতিফ খান এর ছেলে সাদমান আহমেদ শাকিব ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৬৪৮৮ না. সুবে. মোঃ আকতার হোসেন এর মেয়ে মিস আসমাউল হুসনা (রিয়া) ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৫০৬৫ না. সহ. মোঃ আব্দুর রাজ্জাক এর মেয়ে শেখ মেহনাজ কান্তম মিম ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫৮৩৫৬ নায়েক মোঃ কবির খান এর ছেলে মোঃ শাকিল খান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৫৪৬৭ ল্যা. না. সিগ. মোঃ কবিরুল ইসলাম এর মেয়ে ফাতেমা তুজ জোহরা করবী ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৪০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৯৪৩৪ নায়েক মোঃ মোজাম্মেল হক এর ছেলে মাজেদুল হক নাহিদ ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৬৭৪৮ না. সুবে. মোঃ হাশেম আলী এর ছেলে মোঃ মহসীন রেজা ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৫০৬৩৭ ল্যা. না. মোঃ বাবুল হোসেন এর ছেলে মোঃ রিফাত হোসেন শাওন ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



১২ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ই-৫৫ ইমাম/ধর্মীয় শিক্ষক মোঃ হাফিজ উল্লাহ এর ছেলে সাইফুল্লাহ আরাফাত, ২০১৫ সালে দাখিল পরীক্ষায় জিপিএ-৫ (A+) ফলাফল অর্জন করে।



## বিজিবি'র অগ্রগতি ও উন্নয়ন

সিপাহী মোঃ রমজান আলী

১১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, সরাইল রিজিয়ন

**ভূমিকা:** দুইশত বিশ বছরের ঐতিহ্যবাহী সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ। একটি সুসংগঠিত, সুশৃঙ্খল ও শক্তিশালী দেশপ্রেমিক বাহিনী, বিজিবির প্রধান ও মূল দায়িত্ব হলো সীমান্ত রক্ষা করা। বাংলাদেশের ৪,৪২৭ কিলোমিটার দীর্ঘ ও তার অভ্যন্তরীণ সম্পদের নিরাপত্তা রক্ষায় বিজিবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আধা সামরিক এ বাহিনী দেশের অর্থনীতিকে সাবলম্বী করতে আন্তরিকতার সাথে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে যাচ্ছে। সীমান্তে নারী ও শিশু পাচাররোধে বিজিবি আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**সীমান্তে চোরাচালান দমনে সাফল্য :** বিজিবির অবকাঠামোগত উন্নয়ন, লজিস্টিক সুবিধা বৃদ্ধির ফলে সীমান্তে অভিযান পরিচালনায় সফলতার হার পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। বিজিবি সীমান্ত এলাকায় নানা রকম অভিযান চালিয়ে চোরাচালান দমনে সক্রিয় ভূমিকা রাখছে। বিজিবি ২০১৪ সালে ৮৪১ কোটি টাকার অধিক এবং ২০১৫ এর জুন পর্যন্ত ৩৬৪ কোটি ৪৭ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদক আটক করেছে।

**অভ্যন্তরীণ আইন শৃঙ্খলা রক্ষায় সাফল্য :** অভ্যন্তরীণ আইন শৃঙ্খলা রক্ষায় বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানের ক্ষেত্রে বিজিবি জনগণের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। নির্বাচনকালীন দায়িত্ব পালন ছাড়াও যে কোন দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ এবং অস্থিতিশীল পরিস্থিতি মোকাবেলায় বিজিবি জনসাধারণের জানমালের নিরাপত্তা বিধানে আস্থার প্রতীক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছে।

**নারী ও শিশু পাচাররোধে সাফল্য:** নারী ও শিশু পাচাররোধে বিজিবি প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। ২০১৪ সালে সীমান্ত দিয়ে পাচারের সময় বিজিবির তৎপরতায় ৮৫২ জন নারী এবং ৩১৭ জন শিশুকে উদ্ধার করা হয়েছে। এছাড়া ২৬ জন পাচারকারীকে আটক করে থানায় সোপর্দসহ ৩৬৭টি মামলা দায়ের করা হয়েছে।

**বাহিনী পুনর্গঠনে সরকারের পদক্ষেপ :** গত ২০ ডিসেম্বর ২০১০ তারিখে বিজিবি আইন ২০১০ কার্যক্রমের মধ্য দিয়ে দেশের সীমান্তরক্ষী বাহিনীকে যুগোপযোগী করে পুনর্গঠনে ব্যাপক কার্যক্রম সম্পন্ন হয়। বিজিবি পুনর্গঠন, পরিকল্পনা অনুযায়ী বাহিনীর জন্য ০৪টি রিজিয়ন, নতুন ০৪টি সেক্টর, নতুন ০৪টি রিজিয়নাল ইন্টেলিজেন্স ব্যুরো, নতুন ১১ টি ব্যাটালিয়ন স্থাপনের জন্য সরকার অনুমোদন দেয়। ইতোমধ্যে ০৪টি রিজিয়ন, ০৪টি সেক্টর ও ০৭ টি ব্যাটালিয়ন স্থাপন করা হয়েছে।

**ডিজিটাল পদ্ধতিতে নিয়োগ কার্যক্রম :** গত ১৯ সেপ্টেম্বর ২০১০ থেকে বিজিবিতে ভর্তি ইচ্ছুকদের আবেদন ডিজিটাল পদ্ধতিতে মোবাইলের এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্য কম্পিউটারইজড পদ্ধতিতে যাচাইয়ের ফলে নিয়োগ কার্যক্রম

অধিক স্বচ্ছ ও দ্রুততার সাথে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। ভর্তি ইচ্ছুকদের সময় ও খরচ সম্পর্কিত জটিলতা দূর করা সম্ভব হয়েছে।

**চিকিৎসা সুবিধা বৃদ্ধি :** বিজিবি সদস্যদের চিকিৎসা সুবিধা পূর্বের চেয়ে অনেক বৃদ্ধি করা হয়েছে। বিজিবি সদস্যদের পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি বিজিবি হাসপাতাল থেকে চিকিৎসা সুযোগ পাচ্ছে। বিজিবিতে অক্ষম ঘোষণাকৃত, অবসরপ্রাপ্ত এবং বিজিবি মুক্তিযোদ্ধাদের ইনডোর-আউটডোর চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে। বিশেষ ক্ষেত্রে দেশ-বিদেশে থেকে উন্নত চিকিৎসা ব্যয়ভার বহন করা হচ্ছে। বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের চিকিৎসা সুবিধা নিশ্চিত করতে ঢাকার পিলখানাস্থ ৩০০ শয্যার হাসপাতালটির আধুনিকায়ন করা হয়েছে। এছাড়া ঢাকার বাইরে ৫০ শয্যা বিশিষ্ট ৪টি হাসপাতাল স্থাপন করা হয়েছে।

**মোটর সাইকেল সরবরাহ :** বিজিবির টহল কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বিওপিসমূহে ১৪০৩ টি মোটর সাইকেল সরবরাহ করা হয়েছে। যার দ্বারা টহল পরিচালনার মাধ্যমে সীমান্ত নিরাপদ রাখার বিশেষ সুবিধা হয়েছে।

**সোলার প্যানেল স্থাপন :** বিদ্যুৎবিহীন ৩৩৩টি বিওপিতে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে।

**বাইনোকুলার ও নাইট ভিশন যন্ত্র সরবরাহ :** সীমান্তে কার্যকর নজরদারীর লক্ষ্যে এমনকি রাতের বেলাতেও চোরাকারবারী এবং অপরাধীদের প্রতিরোধ করতে বিওপি পর্যায়ে বাইনোকুলার ও নাইট ভিশন যন্ত্র সরবরাহ করা হয়েছে।

**৩০% সীমান্ত ভাতা চালু :** বিজিবির সর্বনিম্ন পদ থেকে সুবেদার মেজর পর্যন্ত সদস্যদের মূল বেতনের ৩০% সীমান্ত ভাতা প্রদান করা হচ্ছে।

**০২ মাস ছুটি ও অগ্রিম বেতন :** বিজিবি সদস্যদের অক্লান্ত পরিশ্রমের বিষয়টি বিবেচনাপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী প্রতিটি সদস্য অগ্রিম বেতনসহ ০২ মাসের বাৎসরিক ছুটি পাচ্ছে।

**রেশন সুবিধা বৃদ্ধি :** গরুর মাংস ১২৭ গ্রাম থেকে বৃদ্ধি করে ২০০ গ্রাম, খাসির মাংস ৯৯ গ্রাম থেকে ২০০ গ্রাম, মাছ ১৭০ থেকে ২০০ গ্রাম পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

এছাড়াও স্টীলের কাপবোর্ড তৈরী, বিওপি পর্যায়ে টেলিভিশন সরবরাহ পানির ফিল্টার সরবরাহ, বিওপি পর্যায়ে ডিপ ফ্রিজ সরবরাহ উন্নতমানের কম্বল সরবরাহ, চারপায়া সরবরাহ করা হয়েছে। উল্লেখ্য, বিজিবি সদস্য ও তাদের সন্তান-সন্ততিদের আবাসনের জন্য ঢাকায় বহুতল বিশিষ্ট কয়েকটি রেজিমেন্টাল কোয়ার্টারসহ ছাত্র ও ছাত্রীনিবাস তৈরি করা হয়েছে/হচ্ছে।





## আমরা সীমান্তের অতন্দ্র প্রহরী

কর্নেল মোঃ আকরামুল হক, এসপিপি, পিএসসি  
সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও, রংপুর রিজিয়ন

আমরা সীমান্ত সৈনিক, সীমান্তের অতন্দ্র প্রহরী, আমরা বলীয়ান  
দেশের সীমান্ত রক্ষায় ব্রতী মোরা নিবেদিতপ্রাণ।  
নেতৃত্বের প্রতি পরম শ্রদ্ধা আর আস্থা অবিচল,  
সদা-সর্বদা বৈরী পরিস্থিতিতেও অটুট থাকে মনোবল।  
দৃঢ়চিত্তে মোদের পথ চলা,  
কর্তব্য পালনে সদা থাকে মোদের একাত্মতা।  
চেতনা ও মূল্যবোধকে ধারণ করে সদা চলি মোরা এগিয়ে,  
কর্তব্যে অবহেলা রাখি দূরে সরিয়ে।  
সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও দক্ষতার সাথে করি মোরা দায়িত্ব পালন  
অসত্য-অন্যায় সদা করি মোরা বর্জন।  
আমরা সীমান্ত সৈনিক, অতন্দ্র প্রহরী, আমরা বলীয়ান,  
জ্যেষ্ঠদের করি মোরা অকৃত্রিম সম্মান।  
কনিষ্ঠদের নেতৃত্ব দেই আস্থা ও দৃঢ়তায়,  
সকলের মন ভরে রাখি স্নেহ মায়্যা-মমতায়।  
করি না মোরা ভয়, কারো প্রতি অন্যায় অবিচার,  
আমাদের নীতি সকলের জন্য সমান অধিকার।  
নেতৃত্বের যত আদেশ-নির্দেশ,  
অক্ষরে অক্ষরে পালন করি মোরা সকল উপদেশ।  
সানন্দে নেতৃত্বকে করি মোরা বরণ,  
সকল পর্যায়ে নেতৃত্বের কথা সর্বদা রাখি স্মরণ।  
বর্ডার গার্ড বাংলাদেশ-এর সকল সদস্য মোরা এদেশেরই সন্তান  
ছোট-বড় মোদের মধ্যে নাই কোন ভেদাভেদ,  
সৎকর্মে অগ্রপথিক, নিষ্ঠীক মোরা সদা আশ্রয়ান।  
দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, নিরাপত্তা ও সীমান্ত রক্ষায়,  
সদা প্রস্তুত, সদা বলীয়ান,  
জীবন উৎসর্গ করতে পড়বো না মোরা দ্বিধায়।  
জেগে উঠুক সবার মধ্যে দেশপ্রেম, কর্তব্যবোধ, শ্রদ্ধা ও ভালবাসা  
কাজের প্রতি ঐকান্তিক ইচ্ছা ও নিবিড় ভালবাসা,  
সীমান্ত সৈনিক হিসাবে সকলের কাছে এই মোদের প্রত্যাশা।  
আমরা গর্বিত সীমান্ত সৈনিক,  
সীমান্তের কর্তব্য পালন, মোদের অহংকার,  
সীমান্তের প্রতি ইঞ্চি ভূমি রক্ষায় সদা জাগ্রত দেশপ্রেমিক,  
উজ্জীবিত রাখব এই বাহিনীর ঐতিহ্য, গৌরব ও সম্মান,  
আমরা সীমান্ত সৈনিক, সীমান্তের অতন্দ্র প্রহরী, আমরা আশ্রয়ান।



## সীমান্ত চুক্তি

হাবি. সিগ. মোঃ আবু নিজাম  
সেক্টর সদর দপ্তর, গুইমারা, চট্টগ্রাম রিজিয়ন



ছিট মহলে ছিল নাতো নাগরিক অধিকার  
মনে হতো ছিটমহল অঘোষিত কারাগার  
নির্ধারিত সময়ে দরজা হতো খোলা  
বাকী সব সময়ে লেগে ছিল তালা।  
অন্ধকারে নিমজ্জিত ছিল জীবন ধারা  
অশিক্ষার আবর্তে ডুবে ছিল তারা  
মুমূর্ষু রোগীদেরও ভাগ্যটা মন্দ  
অসময়ে রোগী হলে দরজাটা বন্ধ।  
অবরে বারেছিল দু'চোখের জল  
কেবা শুনে কার কথা সবই নিষ্ফল  
জন্মই অপরাধ এই ছিল হাল  
এইভাবে কেটে ছিল তাদের দিন কাল।  
সীমান্ত চুক্তিতে আজ তারা মুক্ত  
নাগরিক অধিকার হলো পাকাপোক্ত  
যে দেশ যে জাতির পেলো পরিচয়  
সুখ দুঃখের অংশীদার হবে নিশ্চয়  
কালো শেষে আলো পেলো আজ তারা ঘরে  
যা তারা চেয়েছিল যুগ যুগ ধরে  
শত সালাম শত শ্রদ্ধা আর শত ভক্তি  
যাঁদের দ্বারা সংঘটিত সীমান্ত চুক্তি।

## সীমান্তের তীর্থ পথিক

সিপাহী মোঃ রাজতুল ইসলাম  
৫৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, সরাইল রিজিয়ন



আমি জানি তুমি অমর, তুমি মৃত্যুহীন প্রাণ  
মহাকালও নাই জানে, তব তোমার আয়ুর সে পরিমাণ  
তুমি নন্দন কল্পতরু যে, তুমি অক্ষর বট  
বিশ্ব জড়িয়ে রয়েছে সীমান্তের শত কীর্তির জট  
সীমান্তের শাখায় বেঁধেছে কত অতন্দ্র প্রহরী  
যাহারা রয়েছে দেশ রক্ষায় এক মৃত্যুহীন প্রাণ  
সীমান্তের স্নিগ্ধ শীতল ছায়ায় জুড়াই ক্লান্ত আঁখি  
বিজ্ঞান বলে বলুক রবির কমিয়া অসিয়াছে আয়ু  
রবি বলে, রবে যতদিন এই খ্যাতি অপজেত বায়ু  
সীমান্তের বক্ষ জুড়িয়া বিরাজে যে ভাস্কর  
তার আছে ক্ষয়, কে বলিবে কোন সে নর?  
তুমি স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি বিশ্বের বিস্ময়  
তব গুণগানে ভাষা সুর যেন সব হয়ে যায় লয়  
তুমি স্মরিয়াছ ভক্তেরে তব এই গৌরব খানি  
রাখিব কোথায় ভেবে নাই পাই, আনন্দে মুখবাণী  
প্রার্থনা মোর যদি আবার জন্মি এই ধরণীতে  
ওগো, আসি যেন, আবার তোমার দিগন্তে...



## দুঃসাহসী সৈনিক

সিপাহী মোঃ আব্দুর রহমান বিশ্বাস  
১৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, চট্টগ্রাম রিজিয়ন

আমি সৈনিক রণাঙ্গনে  
লড়তে পাই না ভয়,  
জীবন বাজি রেখে  
ছিনিয়ে আনব জয়।  
স্বাধীনতার ছন্দে  
ব্যাকুল আমার মন,  
আমি সীমান্তে অতন্দ্র প্রহরী  
সর্বত্র আমার বিচরণ।  
আমি তীক্ষ্ণ দৃষ্টি রেখে  
সীমান্তে টহল করি,  
দুর্বীর হয়ে ঝাঁপিয়ে পড়ে  
চোরাচালান রোধ করি।  
কখনো হঠাৎ ঘাতক বুলেট  
কেড়ে নিতে পারে প্রাণ,  
তবুও কখনো থেমে থাকেনা  
আমাদের অভিযান।  
দেশের জন্য নিজের জীবন  
বিলিয়ে দেবো দৈনিক,  
স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায়  
আমি দুঃসাহসী সৈনিক।



## গর্বিত সৈনিক

সিপাহী মোঃ আবীর আজাদ  
৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রংপুর রিজিয়ন

আমি গর্বিত, আমি সৈনিক,  
আমি দেশের তরে মরতে পারি দৈনিক।  
আমি নির্ভীক আমি দুর্জয়,  
আমি ভিন দেশিদের করি না ভয়।  
আমি গর্বিত, আমি সৈনিক,  
আমি সীমান্তের এক প্রতীক।  
আমি আকাশ, আমি বাতাস,  
আমি শত্রুর চোখে ধ্বংসের ক্রোশ।  
আমি গর্বিত, আমি সৈনিক,  
আমি সীমানায় জাগ্রত দৈনিক,  
আমি শক্তি, আমি ভক্তি,  
আমি দেশের তরে জীবন দেব  
এটাই আমার উক্তি,  
আমি গর্বিত আমি সৈনিক।

## সাবালিকা বিদায়

সিপাহী মোঃ রায়হান কবির  
৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, সরাইল রিজিয়ন



আমি না হয় হেরেই গেছি তুমি গেছ জিতে  
জয় পরাজয় মাপার তুমি কোথায় পাবে ফিতে,  
তুমি না হয় থাকবে মেতে তোমার জয়ের গৌরবে,  
অখ্যাত এক মৌচাকেতে অখ্যাত খুব মৌ রবে।  
অগৌরবের নয়কো এ হার তৃপ্ত আমি হারে,  
বিজয় মিছিল ভিড়ল বলে আমার ঘরের দ্বারে।  
জানি, জানি, আমি জানি তোমার এ জয়ে,  
কাটবে না দিন বাজাবে না বীণ সাপ ও সাপের ভয়ে।  
শংকা বৃকে ডংকা বাজুক তুমল রক্তক্ষয়ী।  
পরাজিতের ছদ্মবেশে আজ এ কবি জয়ী।  
নষ্ট হবার ডাক এসেছে নষ্ট হব আমি,  
নষ্টে ভরা নষ্ট ধারায় নষ্টেরা খুব দামি  
আবার আমি নষ্ট হব, কার বা তাতে কী দায় ?  
ভাল নেই ভালো থেকে সাবালিকা বিদায়।  
নষ্ট হব, নষ্ট রবো নষ্ট দেহের কোমায়,  
যাবজ্জীবন ভাল থাকার দণ্ড দিলাম তোমায়।  
শ্রাবণের এই বৃষ্টি ধারায়, আজ শুধু তোমাকে খুঁজে বেড়ায়।  
যদিও তুমি অনেক দূরে, তবুও রেখেছি তোমায় মন পাজরে  
নীরবে তোমায় মিস করি সারাক্ষণ, অথচ তা তোমার  
কাছে আজও গোপন।



## আমরা যাঁদেরকে হারিয়েছি

০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর নিম্নবর্ণিত সদস্যগণ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন :

ক্রমিক	ছবি	রেজিমেন্ট নম্বর পদবি, নাম ও ইউনিট	মৃত্যুর তারিখ	মৃত্যুর কারণ
১।		নম্বর ৫৮৩৮৯ ল্যান্স নায়েক সিগ. মোঃ হাবিবুর রহমান, ১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০২-৪-২০১৫	ELEPHANT ATTACK
২।		নম্বর ৬২০২৫ ল্যান্স নায়েক সিগ. মোঃ শফিকুল ইসলাম সেক্টর সদর দপ্তর, দিনাজপুর	০৫-৪-২০১৫	ROAD TRAFFIC ACCIDENT (RTA)
৩।		নম্বর-৮৭৬১৭ সিপাহী মোঃ মোখলিছ মিয়া, ৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১৪-৪-২০১৫	ROAD TRAFFIC ACCIDENT (RTA)
৪।		নম্বর ৫৫১৬৭ হাবিলদার মোঃ আফলাতুন হোসেন, বর্ডার সিকিউরিটি ব্যুরো	১৭-৪-২০১৫	FIBROSARCOMA
৫।		বাবুর্চি-২৫৮৮ বাবুর্চি মোঃ দুলাল মিয়া, ১৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২১-৪-২০১৫	BROUGHT IN DEATH
৬।		জেসিও-৫৯০৭ নায়েব সুবে. মোঃ আব্দুল মান্নান, ১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৪-৪-২০১৫	BROUGHT IN DEATH
৭।		নম্বর ২৬১০৮ হাবিলদার মোঃ মফিজুল হক, ৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০৭-৫-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO MAXILLARY SINUS CARCINOMA (LT)
৮।		ই-১৩ আরটি/ধর্মীয় শিক্ষক আবু নাসির মোঃ মোস্তাফিজুর রহমান ৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১০-৫-২০১৫	DUE TO CARDIO RESPIRATORY FAILURE
৯।		জেসিও-৫৪৩৩ সুবেদার মোঃ কামরুজ্জামান, আরআইবি, রংপুর	২৪-৫-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO ACUTE MYOCARDIAL INFARCTION
১০।		নম্বর ৯৪৯৭৪ সিপাহী হাসমত আলী ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০১-৬-২০১৫	BROUGHT IN DEATH
১১।		নম্বর ৩৬৮৫৮ অবৈতনিক ল্যান্স নায়েক আবুল হাসেম, ১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০৫-৬-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO CALUNG (SCC) WITH MS
১২।		নম্বর ৩৪৯০০ নায়েক বাদশা মিয়া সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১৬-৬-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO CIRRHOSIS OF LIVER WITH VARICEAL BLEEDING WITH HEPATIC ENCEPHALOPATHY
১৩।		বাবুর্চি-৩৬৩০ বাবুর্চি শাহিনুর ইসলাম, সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৩-৬-২০১৫	IHD WITH CARDIOGENIC SHOCK WITH TUBERCULAR PLEURAL EFFUSION (RT) WITH CARDIO RESPIRATORY FAILURE
১৪।		নম্বর ৫০৭১৬ ল্যান্স নায়েক আব্দুল্লাহ হোসেন, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৪-৬-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO MALIGNANCY
১৫।		৪৭৯৩৪ হাবিলদার মজিবুর রহমান, ৩২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৯-৬-২০১৫	DEATH DUE TO CARDIO RESPIRATORY FAILURE

## কল্যাণমূলক কর্মকাণ্ড

০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত কেন্দ্রীয় রেজিমেন্টাল তহবিল থেকে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণার্থে বিভিন্ন সেবামূলক ক্ষেত্রে, শিক্ষা, ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্তে ৫,৮৬,২৫,৪১৭.৯৪ (পাঁচ কোটি ছিয়াশি লক্ষ পঁচিশ হাজার চারশত সতের টাকা চুরানব্বই পয়সা) টাকা ব্যয় করা হয়েছে। নিম্নে তার বিবরণ তুলে ধরা হলো:

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
১।	সেক্টর, ব্যাটালিয়ন এবং ইউনিটের বিভিন্ন কল্যাণমূলক কাজে অর্থ প্রদান।	৮৫,২১,২০০.০০
২।	সদর দপ্তর বিজিবি, পিলখানা, ঢাকায় সৈনিকদের জন্য ১০ তলা বিশিষ্ট (৪০ ইউনিট) রেজিমেন্টাল কোয়ার্টার, সেবক সেবিকাদের জন্য ১০ তলা ভিত্তিসহ প্রথম পর্যায়ে ৫তলা বিশিষ্ট (২৪ ইউনিট) কোয়ার্টার, কর্মচারীদের ফলোয়ার্স রেজিমেন্টাল কোয়ার্টার এবং আধুনিক মিউজিয়াম নির্মাণ কাজের জন্য অর্থ প্রদান।	২,৩০,৯১,০৭০.০০
৩।	বাহির হতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত ডাক্তারদের সম্মানী প্রদান।	৮,২৪,৫০০.০০
৪।	বর্ডার গার্ড হাসপাতাল, পিলখানা ঢাকায় রোগীদের জন্য মেসে উন্নত মানের খাবারের অর্থ প্রদান।	২২,০২৪.৭৫
৫।	সীপকস্ এর নামে সীমান্ত সড়ক মার্কেট হতে দোকান বরাদ্দ বাবদ অর্থ প্রদান।	২,১৬,০০০.০০
৬।	পিলখানার অভ্যন্তরে যাতায়াতের সুবিধার্থে ০২টি ব্যাটারি চালিত ইজি বাইক ক্রয় বাবদ অর্থ প্রদান।	২,৭০,০০০.০০
৭।	মৃত কর্মচারীর উত্তরাধিকারীদেরকে এককালীন অনুদান এবং দাফন-কাফন ও অন্যান্য খরচ বাবদ অর্থ প্রদান।	৬,৩৮,৮৫৩.০০
৮।	বীরশ্রেষ্ঠ/ শহিদ পরিবারের সদস্য এবং খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের (অব.) মাসিক আর্থিক সাহায্য প্রদান।	৬১,৪৪০.০০
৯।	বিজিবিতে কর্মরত নববিবাহিত ২৪৭ জন সদস্যকে মহাপরিচালকের শুভেচ্ছা উপহার স্বরূপ আর্থিক অনুদান প্রদান।	১২.৩৫.০০০.০০
১০।	যৌতুক বিহীন মেয়ের বিবাহ উপলক্ষে বিজিবি সদস্যদেরকে আর্থিক অনুদান।	১,১০,০০০.০০
১১।	মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্রের জিমনেশিয়ামে ব্যবহৃত মালামাল ক্রয়ের অর্থ পরিশোধ।	১০,০০০.০০
১২।	বিজিবি স্বাস্থ্য সহায়তা প্রকল্প তহবিল হতে বিজিবি সদস্য ও তাদের পরিবারবর্গের দুরারোগ্য রোগের চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	৮০,৩১,৬৭৫.৫০
১৩।	রক্তদানকারীদের সম্মানী প্রদান।	১,৮৯,৫৪৫.২৪
১৪।	সেনা কোর্সে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী সৈনিকদের পুরস্কার প্রদান।	১৮,০০০.০০
১৫।	মহাপরিচালক মহোদয় কর্তৃক পবিত্র রমজান উপলক্ষে ইফতারীর জন্য আর্থিক অনুদান।	৪৩,৮৯,৩১৫.০০
১৬।	কর্মরত অবস্থায় মৃত বিজিবি সদস্যদের পেনশন/আনুতোশিক কার্যক্রম দ্রুত নিষ্পত্তি এবং উচ্চতর স্কেল এর বেতন নির্ধারণী নিরীক্ষার জন্য অর্থ প্রদান।	১,১৭,৭৫০.০০
১৭।	বিভাগীয় খরচে ২০১৫ সালে বিজিবি হজ্জযাত্রীদের জন্য বাড়িভাড়া বাবদ অর্থ প্রদান।	২৩,৫০,০০০.০০
১৮।	খেতাব প্রাপ্ত, জীবিত/মৃত মুক্তিযোদ্ধাদের স্ত্রীগণের বসতবাড়ি মেরামত/সংস্কার/নির্মাণের জন্য আর্থিক অনুদান।	৮৫,০০,০০০.০০
১৯।	স্বাধীনতা ও বিজয় দিবসে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যদের আপ্যায়ন বাবদ অর্থ প্রদান।	১১,০৪৪.০০
২০।	সীমান্ত সুরক্ষায় অতন্দ্র বিজিবি শীর্ষক বিষয়ের উপর আয়োজিত রচনা প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান।	১৮,০০০.০০
<b>সর্বমোট =</b>		<b>৫,৮৬,২৫,৪১৭.৯৪</b>

## দুরারোগ্য রোগ নিরাময় কল্যাণ তহবিল হতে সাহায্য

০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত দুরারোগ্য রোগ নিরাময় কল্যাণ তহবিল হতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের চিকিৎসার জন্য ৩৪,৯৯,১৭৫/- (চৌত্রিশ লক্ষ নিরানব্বই হাজার একশত পঁচাত্তর) টাকার আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে, যার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক	রেজিস্ট্রেন্ট নম্বর পদবি ও নাম	রোগের নাম	ইউনিট	টাকার পরিমাণ
<b>এপ্রিল - ২০১৫</b>				
১।	বিএ-৩০২০ লেঃ কর্নেল মোঃ আব্দুর রউফ, পিজিজিএম (বার), জি	DIABETIC RETIONPATHY	সদর দপ্তর বিজিবি, প্রশাসন শাখা, প্রশাসন পরিদপ্তর, ঢাকা	৬৮,৫০০/-
২।	জেসিও-৭০৮৫ নায়েব সুবেদার মোঃ ইমাদুল হক	RECENT ANTEROSEPTAL MI	২৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২০,০০০/-
৩।	৫৮৩১৬ নায়েক শ্রী শ্যামল চন্দ্র বর্মণ	SVCAD (SINGLE VESSEL CORONARY ARTERY DISEASE)	২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২০,০০০/-
৪।	৫৮৪৪২ নায়েক মোঃ আব্দুস সামাদ এর ছেলে	VENTRICULAR SEPTAL DEFECT (VSD)	১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,০০,০০০/-
৫।	৬৪৫৭৫ নায়েক মোঃ ওহিদুর রহমান এর ছেলে	TERM AGA WITH RDS WITH PPHN WITH NEONATAL SEPTICAEMIA	সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮৯,৫১৬/-
৬।	৭০৮০৯ সিপাহী মোঃ নূর ইসলাম	MULTIPLE SCLEROSIS	৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২,১৬,১০০/-
৭।	৭৩১৮২ সিপাহী মোঃ ইমরান হোসেন এর ছেলে মোঃ ইনান	DEVELOPMENTAL DELAY DUE TO NEURO METABOLIC DISEASE	২৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২৭,০০০/-
৮।	নং ৯৬০৪৮ সিপাহী মোঃ হানিফ শাহ	ACL & MM TEAR WITH KNOCKED KNEE	১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮০,০০০/-
<b>মে - ২০১৫</b>				
৯।	৬২২৭৪ ল্যান্স নায়েক মোঃ মনোয়ার হোসেন এর মেয়ে মোছাঃ মালিহা তাবাসসুম শিফা	LARGE ASD WITH VSD TITHPAH	সেক্টর সদর দপ্তর, রাজশাহী	১,৬০,২৫৬/-
১০।	জেসিও-৭০০৩ নায়েব সুবেদার মোঃ সাইদুর সহমান এর মেয়ে মোছাঃ সুলতানা সাথী	ENCHEPHALITIS WITH HYPOTHYROIDISM	সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও	৭০,০৬৩/-
১১।	৬৮৭৬১ ল্যান্স নায়েক মোঃ বেলায়েত হোসেন এর মেয়ে মোছাঃ নাসিমা নওরীন বুশরা	PATENT DUCTUS ARTERIOSUS (PDA)	৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৬০,০০০/-
১২।	৬৪৭০৮ ল্যান্স নায়েক মোঃ বেলায়েত হোসেন এর ছেলে মোঃ শাহরিয়ার (কাইফ)	ACUTE LYMPHOBLASTIC LEUKAEMIA (ALL)	৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২,০০,০০০/-
<b>জুন ২০১৫</b>				
১৩।	বিজিডিও-১১৯ সহকারী পরিচালক মোঃ ছোরহাব উদ্দিন এর ছেলে আব্দুল্লাহ আল মামুন	SMALL BOWEL CROHNS DISEASE	বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম	২,০০,০০০/-
১৪।	৫৫৩২৫ ল্যান্স নায়েক ইন্ট. মোঃ মিজানুর রহমান এর স্ত্রী মোছাঃ নাজমুন নাহার	CA-RECTUM	সদর দপ্তর বিজিবি, অপারেশন ও প্রশিক্ষণ শাখা অপারেশন পরিদপ্তর, ঢাকা	২,০০,০০০/-
১৫।	জেসিও-৭৪৪১ নায়েব সুবেদার মোঃ জাহাঙ্গীর হোসেন হাওলাদার	CA STOMACH	২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২৩,৬০০/-
১৬।	পরি-২১১৯ পরিচ্ছন্নতাকর্মী মোঃ মফিজুর রহমান এর স্ত্রী মোসাঃ সুফিয়া বেগম	RETROPERITONEAL SOFT TISSUE SARCOMA INVOLVING URINARY BLADER AND LEFT URETER WITH HDN (LT)(OP)	২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮০,১০০/-
১৭।	৪৬৪৭৫ নায়েক সিগন্যাল মোঃ আক্তার হোসেন	ACUTE ANTERO-SEPTAL MI	১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৩৫,০০০/-
১৮।	৬৮৬৪৫ ল্যান্স নায়েক মোঃ সাজুল ইসলাম এর স্ত্রী বিউটি বেগম	CA BREAST (OP)	সেক্টর সদর দপ্তর, ঢাকা	২,৫০,০০০/-
১৯।	এমএল-০৫ অফিস সহায়ক মোঃ বোরহান উদ্দিন	GLIOBLASTOMA (GBM) (OP)	১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৩,৮৯,৫৪০/-
২০।	৩১৩১০ ল্যান্স নায়েক মোঃ নূর উদ্দিন এর স্ত্রী হোসনে আরা বেগম	MV RE-STENOSIS WITH SEVERE TR	৪৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৪৭,৫০০/-
২১।	৫৩২২৭ নায়েক মোঃ আশরাফুল আলম	NON ST ELEVATION MI	৩৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,১০,০০০/-
২২।	৪৭৭৫২ নায়েক মোঃ জাকির হোসেন	DVCAD (DOUBLE VESSEL CORONARY ARTERY DISEASE)	৫০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২,৫০,০০০/-
২৩।	৪৩৮৪৩ নায়েক মোঃ কামাল উদ্দিন	TVCAD (TRIPLE VESSEL CORONARY ARTERY DISEASE)	২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২০,০০০/-
২৪।	৫৩৭৯৭ হাবিলদার মোঃ বাবুল হোসেন বেপারী	ACL WITH LATERAL MENISCUS INJURY (RT) KNEE	রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম শ্রেণিগে র‍্যাংক-২)	৮২,০০০/-
<b>সর্বমোট =</b>				<b>৩৪,৯৯,১৭৫/-</b>

মহাপরিচালকের বিশেষ কল্যাণ ও উন্নয়ন তহবিল হতে উন্নয়ন ও কল্যাণমূলক কাজের জন্য  
আর্থিক অনুদান ০১ এপ্রিল হতে ৩০ জুন ২০১৫

ক্রমিক	তারিখ	অনুদানের বিবরণ	টাকার পরিমাণ
১।	০২-৪-১৫	৫৮৩৮৯ ল্যাপস নায়েক সিগন্যাল মোঃ হাবিবুর রহমান, গ্রাম-চরভাটার, ডাকঘর-দক্ষিণ কিস্তা কাঠি, থানা-ও জেলা- বালকাঠি, ০২ এপ্রিল ২০১৫ তারিখ হিমছড়ি সাম্পান এলাকায় টহলে থাকাকালীন বন্য হাতির আক্রমণে মৃত্যুবরণ করেন। উক্ত মৃত এনসিও'র স্ত্রী মিসেস শাহানা জ পারভীনকে আর্থিক অনুদান প্রদান।	৫,০০,০০০/-
২।	২৩-৪-১৫	মার্চ ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৫৮.৯৪৮/-
৩।	২৩-৪-১৫	মার্চ ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	১০,৪২২/-
৪।	৩০-৪-১৫	কেন্দ্রীয় সীপক্স কর্তৃক পরিচালিত 'প্রতিবন্ধী, বিধবা এবং মাতা/পিতাহীন সন্তান সন্তানাদির কল্যাণ ও উন্নয়ন তহবিল' এর উন্নয়নের জন্য এফডিআর হিসাবে গচ্ছিত রাখার জন্য আর্থিক অনুদান।	১০,০০,০০০/-
৫।	১৯-৫-১৫	মোছাঃ আকলিমা খাতুন, স্বামী শহিদ মুক্তিযোদ্ধা নম্বর ১৫০৬২ সিপাহী মোঃ আনোয়ারুল ইসলাম, গ্রাম-মাষ্টারপাড়া, ডাকঘর ও থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়াকে বসত ঘর মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
৬।	১৯-৫-১৫	মোছাঃ শামছুন নাহার, স্বামী শহীদ মুক্তিযোদ্ধা নম্বর ৩৫১১৫ সিপাহী কাওছার ফকির, গ্রাম- গোপীনাথপুর, ডাকঘর-মেরী গোপীনাথপুর, থানা ও জেলা- গোপালগঞ্জকে চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
৭।	১৯-৫-১৫	১৮৬২৫ সিপাহী (অবঃ) মোঃ আব্দুস সাত্তার (মুক্তিযোদ্ধা), গ্রাম-রামপট্টা, ডাকঘর-রহমতপুর, থানা-বাবুগঞ্জ, জেলা- বরিশালকে বসত ঘর মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
৮।	১৯-৫-১৫	মোছাঃ স্বপ্না সাংমা, স্বামী মৃত নং ২৬৭৫৪ সিপাহী ফ্রান্সিন সাংমা, গ্রাম-বারমারী, ডাকঘর-কলিকাপুর, উপজেলা-দুর্গাপুর, জেলা-নেত্রকোণাকে ছেলে মেয়েদের লেখাপড়ার খরচের জন্য আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
৯।	১৯-৫-১৫	৩০০৪৮ হাবিলদার খন্দকার মনিরুজ্জামান (অবঃ) গ্রাম-পাখালিয়া, ডাকঘর-জামালপুর, উপজেলা ও জেলা-জামালপুরকে স্ত্রীর ক্যান্সার রোগের চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	২০,০০০/-
১০।	১৯-৫-১৫	১৮২৭৩ নায়েক (অবঃ) মোঃ ফজলুল হক, (মুক্তিযোদ্ধা) গ্রাম-চরকৃষ্ণ জয়, ডাকঘর-আহম্মদপুর, উপজেলা- সোনাগাজী, জেলা- ফেনীকে মেয়ের বিবাহের জন্য আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
১১।	১৯-৫-১৫	নাছিমা আক্তার ফিরোজা, স্বামী মৃত নং ৩৪৩৩১ সিপাহী রফিকুল ইসলাম, গ্রাম-কল্যাণপুর, ডাকঘর-হমদপুর, উপজেলা ও জেলা-রাজবাড়ীকে মেয়ের বিবাহের জন্য আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
১২।	১৯-৫-১৫	৩৫৬৪৫ নায়েক মোঃ ফজলুল হক, (অবঃ) গ্রাম-পাড়াশিয়া, ডাকঘর-কালকিনি, উপজেলা-কালকিনি, জেলা-মাদারীপুরকে স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
১৩।	১৯-৫-১৫	মোছাঃ দিলারা বেগম, স্বামী মৃত নং ১৮৮১২ নায়েক সবুজ মিয়া (মুক্তিযোদ্ধা) গ্রাম-পরিয়াখাই, ডাকঘর-উছমানপুর, উপজেলা-উছমানী নগর, জেলা-সিলেটকে মেয়ের বিবাহের জন্য আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
১৪।	১৯-৫-১৫	এপ্রিল ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৫৯.৩৫৪/-
১৫।	১৯-৫-১৫	এপ্রিল ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৭,৬১৬/-
১৬।	৩০-৬-১৫	মে ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৫৮.৭২৩/-
১৭।	৩০-৬-১৫	মে ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৭,৪৮১/-
১৮।	৩০-৬-১৫	৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রংপুরে কর্মরত অস্থায়ী ভিত্তিতে মাঝি পদে নিয়োগকৃত মোঃ আবুল খালেক এর (CARCINOMAL LARYNX) রোগে চিকিৎসার জন্য পরিচালক ৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রংপুর এর অনুকূলে আর্থিক অনুদান প্রদান।	৫০,০০০/-